দৈনিক জনকণ্ঠ

তারিখ: 27 MAY 2016
পৃষ্ঠা: ১০ কলাম: ৬

# শিক্ষক অধ্যাপক সাইফুজ্জামানের চিকিৎসায় এগিয়ে এলো ইবি পরিবার

**ইবি সংবাদদাতা ॥** ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সাইফুজ্জামানের চিকিৎসায় এগিয়ে এসেছে বিশ্ববিদ্যালয় পরিবার। শিক্ষক-কর্মকর্তাদের বেতনের একটি অংশ ভিসি বরাবর অর্থ হস্তান্তর করেছে শিক্ষক-কর্মকর্তারা।

জানা যায়, বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে ভিসি কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকের পক্ষ থেকে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এমতাজ হোসেন ১ দিনের বেতন এবং কর্মকর্তাদের পক্ষ থেকে কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক আবুল আহসান অর্ধদিবসের বেতন ভিসি অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের কাছে তুলে দেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক হলের পক্ষ থেকে ১ লক্ষ ৭৫ হাজার টাকা প্রোভোস্ট কাউন্সিলের সভাপতি ইকবাল হোসাইল ভিসির কাছে তুলে দেন।